# হাইড্রোকার্বন ইউনিট

## জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

# বার্ষিক প্রতিবেদন

## ২০১৬ – ২০১৭

## হাইড্রোকার্বন ইউনিট

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিটিএমসি ভবন (২য় তলা),
৭-৯ কাওরান বাজার, ঢাকা
www.hcu.org.bd

**নসরুল হামিদ এমপি**
প্রতিমন্ত্রী
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



২৭ আশ্বিন-১৪২৪
১২ অক্টোবর ২০১৭

# বাণী

হাইড্রোকার্বন ইউনিট ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ নিয়েছে জেনে আমি আনন্দিত। এর সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি রইল আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অন্যান্য দপ্তর/সংস্থার সাথে সমন্বয় করে কারিগরি সহায়ক সংস্থা হিসেবে কাজ করে ইতোমধ্যে সুনাম অর্জন করেছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের হয়ে গবেষণা, ভবিষ্যৎ গ্যাস চাহিদা ও প্রাপ্তি, প্রোডাকশন শেয়ারিং কন্ট্রাক্ট, জয়েন্ট ম্যানেজমেন্ট কমিটি, জয়েন্ট রিভিও কমিটি, সমঝোতা চুক্তি ইত্যাদি বিষয়ে করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান এ সংস্থার অন্যতম প্রধান কাজ। আগামীতে জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত তথ্যসমূহ সংকলন করে এ ইউনিট সংশ্লিষ্টদের সহায়তা করবে। আমি আশা করি, এ সংস্থাটি আরো সমৃদ্ধ হয়ে জ্বালানি ও খনিজ সম্পদ খাতের 'থিংক ট্যাংক' হিসেবে কাজ করবে।

আমি, হাইড্রোকার্বন ইউনিট-এর ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনটির সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

( নসরুল হামিদ )

ফোন ঃ + ৮৮ ০২ ৯৫৭৪৪৯১ ফ্যাক্স ঃ + ৮৮ ০২ ৯৫৪৫৪৬৪ ওয়েব ঃ www.powerdivision.gov.bd ই-মেইল ঃ hamidnasrul@gmail.com



**নাজিমউদ্দিন চৌধুরী**
**সচিব**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# বাণী

হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে স্বাগত জানাচ্ছি।

জ্বালানি একটি দেশের আর্থসামাজিক উন্নয়নের অন্যতম চালিকা শক্তি। দারিদ্র্য বিমোচন এবং সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে জ্বালানি খাতের ভূমিকা অপরিসীম। বর্তমান সরকারের যুগোপযোগী নীতি ও সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে বিগত আট বছরে দেশের প্রধানতম জ্বালানি প্রাকৃতিক গ্যাসের উৎপাদন উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পেয়েছে। দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে তেল-গ্যাস অনুসন্ধান, উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণের পাশাপাশি বিদেশ থেকে জ্বালানি তেল আমদানিপূর্বক মজুদ বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

আবাসিক ও যানবাহনে এলপিজির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে এলপিজি কৌশলপত্র প্রণয়নসহ প্রয়োজনীয় বিধিমালা ও নীতিমালা প্রণয়ন করা হচ্ছে।

আমি মনে করি, প্রতিবেদনে হাইড্রোকার্বন ইউনিটের কার্যক্রম ও সাফল্যের প্রতিফলন ঘটবে এবং দেশের জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ে আগ্রহী পাঠকের চাহিদা পূরণে সহায়ক হবে।

**( নাজিমউদ্দিন চৌধুরী )**



**মোঃ হারুন-অর-রশিদ খান**
**মহাপরিচালক**
**হাইড্রোকার্বন ইউনিট**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# বাণী

হাইড্রোকার্বন ইউনিটের বাৎসরিক কর্মকান্ড নিয়ে প্রতিবেদন প্রকাশ করা নিত্যনৈমিত্তিক দায়িত্ব। হাইড্রোকার্বন ইউনিটের উন্নয়ন কর্মকান্ডসহ সার্বিক কার্যক্রমের তথ্য-উপাত্ত নিয়ে ২০১৬-২০১৭ অর্থ বছরের প্রণীত এ বার্ষিক প্রতিবেদনে হাইড্রোকার্বন ইউনিট সংশ্লিষ্ট গৃহীত কার্যক্রম ও সাফল্যের প্রতিফলন ঘটেছে। দেশের জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ে আগ্রহী পাঠকের চাহিদা পূরণে এটি সহায়ক ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।

দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, শিল্পায়ন ও দারিদ্র্য বিমোচনে জ্বালানি খাতের গুরুত্ব ও ভূমিকা অপরিসীম। বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর থেকেই জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ ও জ্বালানি উৎসের বহুমুখীকরণ কার্যক্রম পরিচালনা করে আসছে।

দেশের প্রাথমিক ও বাণিজ্যিক জ্বালানির প্রধান উৎস হচ্ছে প্রাকৃতিক গ্যাস। সরকার প্রাকৃতিক গ্যাসের উৎপাদন বৃদ্ধি করার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে। সরকার কর্তৃক স্বল্প ও মধ্যমেয়াদী বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের ফলে গ্যাসের দৈনিক উৎপাদন বৃদ্ধি পেয়ে ২৭২৪ মিলিয়ন ঘনফুট অতিক্রম করেছে।

সরকার দেশের প্রাকৃতিক সম্পদ বিশেষ করে তেল, গ্যাস ও কয়লা অনুসন্ধান এবং উন্নয়নে সরকারি বিনিয়োগের পাশাপাশি বিদেশী বিনিয়োগ নিশ্চিত করেছে। ফলে প্রযুক্তিগত উৎকর্ষ সাধনের মাধ্যমে দেশের তেল, গ্যাস ও কয়লা অনুসন্ধান কার্যক্রম ত্বরান্বিত হবে বলে আশা করছি।

বার্ষিক প্রতিবেদন প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে তাঁদের নিরলস প্রচেষ্টার জন্য সাধুবাদ জানাচ্ছি।

**(মোঃ হারুন-অর-রশিদ খান)**

HYDROCARBON UNIT
Energy & Mineral Resources Division

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| **প্রথম খন্ড** | ২ |
| হাইড্রোকার্বন ইউনিটের পরিচিতি | ২ |
| হাইড্রোকার্বন ইউনিটের কার্যাবলি | |
| হাইড্রোকার্বন ইউনিটের সাংগঠনিক কাঠামো | ৩ |
| মানব সম্পদ উন্নয়ন | ৩-৪ |
| হাইড্রোকার্বন ইউনিটের সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ | ৪ |
| হাইড্রোকার্বন ইউনিটের ভবিষ্যৎ পরিকল্পনা | ৪ |
| হাইড্রোকার্বন ইউনিটের কর্মকর্তা/কর্মচারীগণের দেশীয় এবং বৈদেশিক প্রশিক্ষণ | ৫-৬ |
| **দ্বিতীয় খন্ড** | |
| **বাজেট কাঠামো** | ৭ |
| মিশন স্টেটমেন্ট | ৮ |
| হাইড্রোকার্বন ইউনিট কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ | ৮ |
| হাইড্রোকার্বন ইউনিটের ইউনিটওয়ারি ব্যয় | ৮ |
| অর্থনৈতিক কোড অনুযায়ী ব্যয় | ৯ |
| প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ | ১০ |
| কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা | ১০ |
| ২০১৬-২০১৭ অর্থ বছরের অর্থনৈতিক কোড  কোডওয়ারি মোট রাজস্ব প্রাপ্তি | ১০ |
| ২০১৬-২০১৭অর্থ বছরের অর্থনৈতিক কোড ভিত্তিক উদ্বৃত্ত হিসাব বিবরণী | ১১ |
| **তৃতীয় খন্ড** | |
| **হাইড্রোকার্বন ইউনিটের সম্পাদিত কার্যক্রম** | ১২ |
| ২০১৬-১৭  অর্থ বছরের সম্পাদিত কার্যক্রমসমূহ | ১৩-২০ |
| বিবিধ প্রতিবেদনসমূহ | ২১ |
| ই-ফাইলিং নথি প্রশিক্ষণে হাইড্রোকার্বন ইউনিট কারিগরী সহায়তা প্রদান | ২২ |
| ২০১৬-২০১৭ অর্থ বছরে নিম্নলিখিত বিষয়ের উপর হাইড্রোকার্‌বন ইউনিট তথ্য ও মতামত প্রদান করেছে | ২২-২৩ |
| **চতুর্থ খন্ড** | |
| **হাইড্রোকার্বন ইউনিটের অর্জন** | ২৪ |
| বিদেশী পরামর্শক প্রতিষ্ঠান ও দেশীয় জ্বালানী বিশেষজ্ঞের সমন্বয়ে জ্বালানী সেক্টরের উপর হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক জানুয়ারি ২০০৯ হতে জুন ২০১৭ পর্যন্ত মোট ১২৭ টি বিশ্লেষণধর্মী কারিগরি প্রতিবেদন প্রস্তুত করা | ২৫ |
| পেট্রোবাংলা ও বিপিসি'র ব্যবহারের জন্য ৩টি সফটওয়ার ডেভেলপ করে পেট্রোবাংলা ও বিপিসি কে হস্তান্তর করা | ২৫ |
| অন্যান্য গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ড | ২৬ |
| উপসংহার | ২৬ |

# প্রথম খন্ড

- হাইড্রোকার্বন ইউনিটের পরিচিতি
- হাইড্রোকার্বন ইউনিটের কার্যাবলি
- হাইড্রোকার্বন ইউনিটের সাংগঠনিক কাঠামো
- মানব সম্পদ উন্নয়ন
- হাইড্রোকার্বন ইউনিটের সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ
- হাইড্রোকার্বন ইউনিটের ভবিষ্যৎ পরিকল্পনা
- হাইড্রোকার্বন ইউনিটের কর্মকর্তা/কর্মচারীগণের দেশীয় এবং বৈদেশিক প্রশিক্ষণ

## ভূমিকাঃ


জ্বালানি খাতে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন সংস্কার কার্যক্রমে পরামর্শ প্রদান, দেশী ও বিদেশী বিনিয়োগকারীদের অংশগ্রহণ উৎসাহিতকরণ এবং তাঁদের কার্যক্রম তত্ত্বাবধানের লক্ষ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এবং রাজকীয় নরওয়ে সরকারের আর্থিক সহায়তায় প্রণীত ২টি সমীক্ষা প্রতিবেদনে হাইড্রোকার্বন ইউনিটকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের Technical Arm/কারিগরী ইউনিট হিসেবে সৃজনের সুপারিশ করে। এ লক্ষ্যে রাজকীয় নরওয়ে সরকারের আর্থিক অনুদান এবং Norwegian Petroleum Directorate (NPD) এর কারিগরী সহায়তায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনে উন্নয়ন প্রকল্প হিসেবে হাইড্রোকার্বন ইউনিটের প্রথম পর্যায়ের কর্মকান্ড [Strengthening of the Hydrocarbon Unit (Phase-I)] বিগত জুলাই ১৯৯৯-এ শুরু হয়ে মার্চ ২০০৬ পর্যন্ত চলে। প্রথম প্রর্যায়ের কর্মকান্ড সফল সমাপ্তির পর নরওয়ে সরকারের আগ্রহ এবং আর্থিক অনুদানে হাইড্রোকার্বন ইউনিট দ্বিতীয় পর্যায়ের প্রকল্প হিসেবে [Strengthening of the Hydrocarbon Unit (Phase-II)] পুনরায় এপ্রিল ২০০৬ হতে কার্যক্রম শুরু করে যা ডিসেম্বর ২০১৩ পর্যন্ত চলে। তবে দ্বিতীয় পর্যায় প্রকল্পের এ আর্থিক অনুদান এশীয় উন্নয়ন ব্যাংকের তত্ত্বাবধানে পরিচালিত হয়। অপরদিকে, সরকার বিগত মে ২০০৮ সালে হাইড্রোকার্বন ইউনিট-কে একটি স্থায়ী কাঠামো হিসেবে রূপদান করে। এ ধারাবাহিকতায় হাইড্রোকার্বন ইউনিটে জনবল নিয়োগের বিধিমালা চূড়ান্ত করা হয় এবং গত ২২ জুলাই ২০১৩ তারিখে বিধিমালাটি গেজেট আকারে প্রকাশিত হয়। তারপর ০১ জানুয়ারি ২০১৪ সাল হতে হাইড্রোকার্বন ইউনিট রাজস্ব বাজেটে পরিচালিত হচ্ছে।

## সার্বিক কর্মকান্ড বা কার্যাবলীঃ

হাইড্রোকার্বন ইউনিটে প্রকল্পের কার্যক্রম শুরু হওয়ার পর থেকে অদ্যবধি যে সমস্ত কার্যক্রম চলে আসছে তার বিবরণ নিম্নে প্রদান করা হ'লঃ

- "Gas Reserve and Production" শীর্ষক মাসিক প্রতিবেদন প্রকাশ;
- "Gas Production and Consumption" শীর্ষক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন;
- তৈল ও গ্যাসের মজুদ ও সম্ভাব্য উৎস নিরূপন ও হালনাগাদকরণ;
- জ্বালানী সংক্রান্ত ডাটাবেস এর হালনাগাদকরণ ও সম্প্রসারণ;
- উৎপাদন বন্টন চুক্তি এবং যৌথ উদ্যোগ চুক্তি বিষয়ে মতামত প্রদান;
- জ্বালানীর অভ্যন্তরীণ ও আঞ্চলিক বাজার পর্যবেক্ষণ ও বিশ্লেষণ;
- তৈল ও গ্যাসের অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদন এর পরিকল্পনা ও পর্যালোচনা;
- জ্বালানী খাতের সংস্কার বিষয়ে সুপারিশকরণ এবং কার্যক্রমে অংশগ্রহণ;
- বেসরকারী খাতের সহিত যোগাযোগ করাসহ আগ্রহী উদ্যোক্তাদের সহায়তা প্রদান;
- আন্তর্জাতিক সহযোগিতা, চুক্তি ও সমঝোতায় অংশগ্রহণ;
- গ্যাসের উৎপাদন ও ডিপ্লেশন পরিকল্পনা প্রণয়ন;
- পরিবেশ ও নিরাপত্তা সংক্রান্ত নীতিমালা প্রণয়নে সহায়তা প্রদান;
- পেট্রোলিয়াম পরিশোধন, সংরক্ষণ ও বিপণন কার্যাদি পর্যালোচনা ও পরিবীক্ষণ;
- পেট্রোলিয়ামজাত পদার্থের চাহিদা, বাজারজাত পর্যালোচনাসহ পরিবীক্ষণ কর্মকান্ডে সহায়তা প্রদান;
- মাইনিং সংক্রান্ত প্রস্তাবের উপর মতামত প্রদানসহ পরামর্শ প্রদান;
- কয়লাসহ অন্যান্য খনিজ সম্পদ বিষয়ক আইন-কানুন এবং নীতিমালা প্রভৃতি বিষয়ে সার্বিক সহায়তা প্রদান;
- জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের কারিগরি সহায়ক শক্তি হিসেবে দায়িত্ব পালন;
- জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অর্পিত অন্য যে কোন দায়িত্ব পালন।

## হাইড্রোকার্বন ইউনিটের সাংগঠনিক কাঠামোঃ




# মানব সম্পদ উন্নয়ন

হাইড্রোকার্বন ইউনিট এর সাংগঠনিক কাঠামোতে রাজস্ব খাতে অস্থায়ীভাবে ২৬ টি এবং চতুর্থ শ্রেণির (আউট সোর্সসিং এর মাধ্যমে) ১০টি পদ সৃজন করা হয়েছে এর মধ্যে **২** টি পদে প্রেষনে এবং ৬ টি পদের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট ১৮ টি পদের মধ্যে ৭ টি পদের বিপরীতে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন মামলা দাখিল করায় নিয়োগ প্রক্রিয়া আপাতত স্থগিত এবং ১১ টি পদের  বিপরীতে জনবল নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে।

হাইড্রোকার্বন ইউনিটের ২০১৬-২০১৭ অর্থ বছরের জনবল সংক্রান্ত তথ্যঃ

| ক্রমিক নং | অনুমোদিত পদের নাম | অনুমোদিত পদ সংখ্যা | অনুমোদিত পদের বিপরীতে পুরণকৃত জনবল | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | মহাপরিচালক | ০১ | ০১ (প্রেষণ) | - |
| ২। | পরিচালক (নীতিমালা ও উন্নয়ন) | ০১ | ০১ (প্রেষণ) | - |
| ৩। | পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) | ০১ | - | ০১ |
| ৪। | উপ পরিচালক (মাইনিং ও অপারেশন) | ০১ | ০১ | - |
| ৫। | উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) | ০১ | ০১ | - |
| ৬। | উপ পরিচালক (প্রশাসন ও আইসিটি) | ০১ | - | ০১ |
| ৭। | উপ পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন) | ০১ | - | ০১ |
| ৮। | সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) | ০১ | - | ০১ |
| ৯। | সহকারী পরিচালক (মাইনিং) | ০১ | - | ০১ |
| ১০। | সহকারী পরিচালক (পিএসসি ও রিফর্মস) | ০১ | - | ০১ |
| ১১। | সহকারী পরিচালক (পরিকল্পনা) | ০১ | - | ০১ |
| ১২। | সহকারী পরিচালক (আইসিটি) | ০১ | - | ০১ |
| ১৩। | সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) | ০১ | ০১ | - |
| ১৪। | সহকারী পরিচালক (অনুসন্ধান) | ০১ | - | ০১ |
| ১৫। | সহকারী পরিচালক (অপারেশন) | ০১ | - | ০১ |
| ১৬। | সিনিয়র কম্পিউটার অপারেটর | ০১ | - | ০১ |
| ১৭। | প্রশাসনিক কর্মকর্তা | ০১ | - | ০১ |
| ১৮। | হিসাব রক্ষণ কর্মকর্তা | ০১ | - | ০১ |
| ১৯। | কম্পিউটার অপারেটর | ০৪ | - | ০৪ |
| ২০। | ড্রাইভার | ০৩ | ০৩ | |
| ২১। | সহকারী (হিসাব) | ০১ | - | ০১ |
| | **মোট** | **২৬** | **০৮** | **১৮** |

হাইড্রোকার্বন ইউনিটের ২০১৬-২০১৭ অর্থ বছরের আউটসোর্সিং এ নিয়োজিত চতুর্থ শ্রেণির জনবল সংক্রান্ত তথ্যঃ

| ক্রমিক নং | অনুমোদিত পদের নাম | অনুমোদিত পদ সংখ্যা | অনুমোদিত পদের বিপরীতে পূরণকৃত জনবল | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | বার্তাবাহক | ০১ | ০১ | - |
| ২ | অফিস সহায়ক | ০৪ | ০৪ | ০১ |
| ৩। | নিরাপত্তা প্রহরী | ০৪ | ০৪ | ০১ |
| ৪। | পরিচ্ছন্ন কর্মী | ০১ | ০১ | - |
| | মোট | ১০ | ০৮ | ০২ |

- হাইড্রোকার্বন ইউনিটের সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ
  - নব সৃজিত সংস্থা
  - প্রবল জনবলের সংকট
  - অভিজ্ঞ ও দক্ষ কারিগরী জনবলের জন্য স্বল্প আর্থিক সুবিধা
  - স্টাডি ও গবেষণার সুবিধার স্বল্পতা
  - বৈদেশিক প্রশিক্ষণ ও ভিজিটের সীমাবদ্ধতা
  - আপস্ট্রিম রেগুলেটরী কার্যক্রমে দায়িত্ব পালন
  - স্থায়ী ভবনের অভাব

- হাইড্রোকার্বন ইউনিটের ভবিষ্যৎ পরিকল্পনাঃ
  - জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কারিগরী সহায়ক শক্তি হিসাবে সুপ্রতিষ্ঠা করা
  - নিয়মিত ওয়ার্কশপ, সেমিনারের আয়োজন
  - হাইড্রোকার্বন ইউনিটকে আন্তর্জাতিক মানে উন্নীত করা
  - কর্মকর্তাদের জ্বালানি সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠান হতে ব্যবহারিক অভিজ্ঞতা এবং জ্ঞান অর্জনের নিমিত্তে স্বল্প সময়ের জন্য প্রেষণের ব্যবস্থা করা
  - জ্বালানি ও খনিজ সেক্টরে যুগোপোযুগি বিভিন্ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা
  - কর্মকর্তা/কর্মচারীদের দেশী/বিদেশী প্রশিক্ষণের ব্যবস্থা করা
  - স্টাডি ও গবেষণাধর্মী কর্মসম্পাদন
  - নিজস্ব ভবন তৈরি করা

## ২০১৬-২০১৭ অর্থ বছরে হাইড্রোকার্বন ইউনিটের কর্মকর্তা/কর্মচারীগণের দেশীয় এবং বৈদেশিক প্রশিক্ষণঃ

### বৈদেশিক প্রশিক্ষণঃ

| ক্রঃ নং | পদবি | কোর্সের নাম | কোর্সের মেয়াদ | দেশের নাম | কোর্সের মোট ঘন্টা |
|---|---|---|---|---|---|
| ১. | মহাপরিচালক (যুগ্ম সচিব) | Financial Modelling and Administrative Structure of Oil & Gas Sector | ৩১-১০-২০১৬ হতে ১১-১১-২০১৬ | মালয়েশিয়া | ৯৬ |
| ২. | মহাপরিচালক (যুগ্ম সচিব) | Mineral Resources Development and Management for Developing Countries | ২১-০৪-২০১৭ হতে ১১-০৫-২০১৭ | চীন | ১১২ |

### দেশীয় প্রশিক্ষণঃ

| ক্রঃ নং | পদবি | কোর্সের নাম | কোর্সের মেয়াদ | প্রশিক্ষণ ইন্সটিটিউট এর নাম | কোর্সের মোট ঘন্টা |
|---|---|---|---|---|---|
| ১. | পরিচালক (যুগ্ম সচিব) | **৮০তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)** | ১৯-০২-২০১৭ হতে ০৪-০৪-২০১৭ | বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা | ২২৪ |
| ২. | উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) | Project Management | ২০-১১-২০১৬ হতে ২৪-১১-২০১৬ | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট | ৪০ |
| ৩. | উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) | Occupational Safety, Health and Environmental Management | ১৮-১২-২০১৬ হতে ২২-১২-২০১৬ | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট | ৪০ |
| ৪. | সহকারি পরিচালক রিজার্ভায়ার ও উৎপাদন) | Corrosion Control and Cathodic Protection | ১৪-০৫-২০১৭ হতে ১৮-০৫-২০১৭ | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট | ৪০ |
| ৫. | উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) | Corrosion Control and Cathodic Protection | ১৪-০৫-২০১৭ হতে ১৮-০৫-২০১৭ | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট | ৪০ |

| ক্রঃ নং | পদবি | কোর্সের নাম | কোর্সের মেয়াদ | প্রশিক্ষণ ইন্সটিটিউট এর নাম | কোর্সের মোট ঘন্টা |
| --- | --- | --- | --- | --- | --- |
| ৬. | উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) | ই-ফাইল (নথি) | ২৩-০১-২০১৭ হতে ২৬-০১-২০১৭ | প্রধানমন্ত্রীর কার্যালয়, এটুআই প্রোগ্রাম II | ৩২ |
| ৭. | উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন) | ই-ফাইল (নথি) | ২৩-০১-২০১৭ হতে ২৬-০১-২০১৭ | প্রধানমন্ত্রীর কার্যালয়, এটুআই প্রোগ্রাম II | ৩২ |
| ৮. | উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) | PE User Module | ০৩-০৬-২০১৭ হতে ০৫-০৬-২০১৭ | সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট, পরিকল্পনা কমিশন | ২৪ |

- ২০১৬-২০১৭ অর্থ বছরে বৈদেশিক প্রশিক্ষণ এবং দেশীয় প্রশিক্ষণের মোট সময় = (২০৮+৪৭২) = ৬৮০ ঘন্টা।
- ২০১৬-২০১৭ অর্থ বছরে হাইড্রোকার্বন ইউনিটের মোট জনবলের সংখ্যা = ০৮ (আট) জন।
- ২০১৬-২০১৭ অর্থ বছরে হাইড্রোকার্বন ইউনিটের জনবলের প্রশিক্ষণের সময় (৬৮০/৮)=৮৫ জনঘন্টা।

# দ্বিতীয় খন্ড

# বাজেট কাঠামো

- মিশন স্টেটমেন্ট
- হাইড্রোকার্বন ইউনিট কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ
- হাইড্রোকার্বন ইউনিটের ইউনিটওয়ারি ব্যয়
- অর্থনৈতিক কোড অনুযায়ী ব্যয়
- প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ
- কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা
- ২০১৬-২০১৭ অর্থ বছরের অর্থনৈতিক কোড  কোডওয়ারি মোট রাজস্ব প্রাপ্তি
- ২০১৬-২০১৭ অর্থ বছরের অর্থনৈতিক কোড ভিত্তিক উদ্বৃত্ত হিসাব বিবরণী

## বাজেট কাঠামোঃ

(হাজার টাকায়)

| বিষয় | ২০১৬-১৭ বাজেট | ২০১৬-১৭ সংশোধিত বাজেট |
|---|---|---|
| অনুন্নয়ন | ২,১১,৪৫ | ২,০৯,৪৫ |
| উন্নয়ন | - | - |
| **মোট** | ২,১১,৪৫ | ২,০৯,৪৫ |
| রাজস্ব | ২,১১,৪৫ | ২,০৯,৪৫ |
| মূলধন | - | - |
| **মোট** | ২,১১,৪৫ | ২,০৯,৪৫ |

## মিশন স্টেটমেন্টঃ

১.০ হাইড্রোকার্বন ইউনিটের মিশন স্টেটমেন্টঃ

জ্বালানী ও খনিজ সম্পদ এর বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন, উত্তোলন, আহরণ, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণ।

## ২.০। হাইড্রোকার্বন ইউনিট কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহঃ

| কৌশলগত উদ্দেশ্য | প্রধান কার্যক্রম |
|---|---|
| ১. জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণ | ▪ প্রাথমিক জ্বালানী উৎসের বহুমুখীকরণ (কয়লা, নবায়নযোগ্য জ্বালানী)<br>▪ ওয়ার্কশপ/সেমিনারের আয়োজন<br>▪ গবেষণা কার্যক্রম পরিচালনা করা। |
| ২. দেশের সকল অঞ্চলে জ্বালানীর সরবরাহ ও দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ। | ▪ গ্যাসের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।<br>▪ জ্বালানী ক্ষেত্রে হেলথ সেফটি এনভাইরনমেন্টাল (এইচএসই) নিশ্চিতকরণ। |

## ৩.০ হাইড্রোকার্বন ইউনিটের ইউনিটওয়ারি ব্যয়ঃ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|---|
| | বাজেট ২০১৬-১৭ | সংশোধিত ২০১৬-১৭ | ২০১৬-২০১৭ |
| অফিসারদের বেতন | ৩২০০.০০ | ৩০০০.০০ | ২৫৩৬.০০ |
| কর্মচারীদের বেতন | ৩৫০.০০ | ৩৪০.০০ | ৩৩৫.০০ |
| ভাতাদি | ৩১৪০.০০ | ২৮৫০.০০ | ২৩০৯.০০ |
| সরবরাহ ও সেবা | ৯০৮০.০০ | ৮৯৮০.০০ | ৮২০২.০০ |
| মেরামত ও সংরক্ষণ | ৬২৫.০০ | ৭২৫.০০ | ৬৯৫.০০ |
| সম্পদ সংগ্রহ/ক্রয় | ৪৭৫০.০০ | ৫০৫০.০০ | ৮৩৯.০০ |
| **সর্বমোট** | **২১১,৪৫.০০** | **২০৯,৪৫.০০** | **১৪৯,১৬.০০** |

## ৪.০ অর্থনৈতিক কোড অনুযায়ী বাজেট

(হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | বিবরণ | বাজেট | | | |
|---|---|---|---|---|---|
| | | বাজেট ২০১৫-১৬ | সংশোধিত বাজেট ২০১৫-১৬ | বাজেট ২০১৬-১৭ | সংশোধিত বাজেট ২০১৬-১৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৪৫০১ | অফিসারদের বেতন | ২৭০০ | ২২০০ | ৩২০০ | ৩০০০ |
| ৪৬০১ | কর্মচারীদের বেতন | ৪০০ | ১৭০ | ৩৫০ | ৩৪০ |
| | **ভাতাদি** | | | | |
| ৪৭০১ | মাহার্ঘ ভাতা | ৭০০ | ২৮০ | - | - |
| ৪৭০৫ | বাড়ি ভাড়া ভাতা | ১৭০০ | ৮০০ | ১৯০০ | ১৭০০ |
| ৪৭০৯ | শ্রান্তি বিনোদন ভাতা | ১০০ | ৫০ | ১০০ | ১০০ |
| ৪৭১৩ | উৎসব ভাতা | ৫৬৫ | ৪০০ | ৫৯০ | ৬৫০ |
| ৪৭১৪ | বাংলা নববর্ষ ভাতা | - | ১০০ | ৬০ | ৬৫ |
| ৪৭১৭ | চিকিৎসা ভাতা | ২২০ | ৮০ | ১৮০ | ১৫০ |
| ৪৭৩৩ | আপ্যায়ন ভাতা | ৮০ | ১০ | ১০ | ১০ |
| ৪৭৫৫ | টিফিন ভাতা | ১৫ | ৫ | ১০ | ১০ |
| ৪৭৬৫ | যাতায়াত ভাতা | ১৫ | ৫ | ১০ | ১০ |
| ৪৭৭৩ | শিক্ষা ভাতা | ১৫ | ১০ | ১২০ | ৫০ |
| ৪৭৯৩ | টেলিফোন ভাতা | ১০ | ১০ | ১০ | ৫ |
| ৪৭৯৫ | অন্যান্য ভাতা | ১৫০ | ১৫০ | ১৫০ | ১০০ |
| | **মোট ভাতাদি** | **৩৫৭০** | **১৯০০** | **৩১৪০** | **২৮৫০** |
| | **সরবরাহ ও সেবা** | | | | |
| ৪৮০১ | ভ্রমন ব্যয় | ২০০ | ২০০ | ৩০০ | ৩০০ |
| ৪৮০৬ | ভাড়া অফিস | ২১০০ | ২৩০০ | ২৪০০ | ২৪০০ |
| ৪৮১৫ | ডাক | ২০ | ২০ | ২০ | ২০ |
| ৪৮১৬ | টেলিফোন/টেলিগ্রাম | ২০০ | ১৮০ | ৩০০ | ২০০ |
| ৪৮১৯ | পানি | ১২০ | ১০০ | ১২০ | ৬০ |
| ৪৮২১ | বিদ্যুৎ | ২০০ | ১৫০ | ২৫০ | ১৫০ |
| ৪৮২৩ | পেট্রোল লুব্রিকেন্ট | ৩০০ | ৩০০ | ৪৫০ | ৪৫০ |
| ৪৮২৮ | স্টেশনারি | ১৫০ | ২০০ | ১৫০ | ২০০ |
| ৪৮৩১ | বইপত্র ও সাময়িকী | ৫০ | ৫০ | ৫০ | ৫০ |
| ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপন | ৫০ | ১০০ | ৫০ | ১৫০ |
| ৪৮৪০ | প্রশিক্ষণ | ২০০ | ১৭৫ | ৪০০ | ১৫০ |
| ৪৮৪২ | সেমিনার, কনফারেন্স | ৫০০ | ৫০০ | ৮০০ | ৭০০ |
| ৪৮৭৭ | প্রাধিকারভূক্ত কর্মকর্তাদের গাড়ী রক্ষণাবেক্ষণ ব্যয় | ৫৪০ | ৯৫ | ৩৪০ | ৫৩০ |
| ৪৮৮১ | নিরাপত্তা প্রহরী | ১৪০০ | ১৫৫৫ | ২৮০০ | ২৮০০ |
| ৪৮৮৩ | সম্মানী ভাতা | ৫০ | ৭৫ | ৫০ | ৬০ |
| ৪৮৯৯ | অন্যান্য ব্যয় | ৪০০ | ৫০০ | ৬০০ | ৭৬০ |
| **মোট সরবরাহ ও সেবা** | | **৬৪৮০** | **৬৫০০** | **৯০৮০** | **৮৯৮০** |
| **মেরামত ও সংরক্ষণ** | | | | | |
| ৪৯০১ | **মোটর যানবাহন** | ১৫০ | ১৫০ | ৩০০ | ৩৫০ |
| ৪৯০৬ | আসবাবপত্র | ৫০ | ৫০ | ৭৫ | ৭৫ |
| ৪৯১১ | কম্পিউটার ও অফিস সরঞ্জাম | ২০০ | ২০০ | ২৫০ | ৩০০ |
| **৬৮০০** | **সম্পদ সংগ্রহ/ক্রয়** | **৫৫০** | **৫৫০** | **৪৭৫০** | **৫০৫০** |
| | সর্বমোট ব্যয় | **১৪১,০০** | **১১৭,২০** | **২১১,৪৫** | **২০৯,৪৫** |

## ৫.০। প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহঃ

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | ২০১৫-১৬ | | ২০১৬-১৭ | |
|---|---|---|---|---|---|---|
| | | | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমীক্ষা | ১,২ | সংখ্যা | ১৩ | ১৩ | ১৩ | ১৩ |

## ৬.০ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রাঃ

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | ২০১৫-১৬ | | ২০১৬-১৭ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| জ্বালানী সম্পদের মজুদ সংক্রান্ত সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন | সমীক্ষা | ১,২ | সংখ্যা | ১৩ | ১৩ | ১৩ | ১৩ |
| ওয়ার্কশপ/সেমিনার | ওয়ার্কশপ/ সেমিনার পরিচালনা | ১ | সংখ্যা | ৮ | ৮ | ৮ | ৮ |
| গবেষণা কার্যক্রম | গবেষণা সমীক্ষা | ১ | সংখ্যা | ২ | ২ | ২ | ২ |

## ৭.০ ২০১৬-২০১৭ অর্থ বছরের অর্থনৈতিক কোডওয়ারি মোট রাজস্ব প্রাপ্তি

(টাকায়)

| অর্থনৈতিক কোড | লক্ষ্যমাত্রা | | | | মোট প্রাপ্তি ২০১৬-১৭ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | প্রথম কোয়ার্টার | দ্বিতীয় কোয়ার্টার | তৃতীয় কোয়ার্টার | চতুর্থ কোয়ার্টার | | |
| ২৩৬৬ | - | - | | ৩০,২৭৮/- | ৩০,২৭৮/- | |
| মোট প্রকৃত প্রাপ্তি | | | | | ৩০,২৭৮/- | |

HYDROCARBON UNIT
Energy & Mineral Resources Division

## ৮.০ ২০১৬-২০১৭ অর্থ বছরের অর্থনৈতিক কোড ভিত্তিক উদ্বৃত্ত হিসাব বিবরণীঃ

(হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | আইটেম | ২০১৬-২০১৭ অর্থ বছরের সংশোধিত বাজেটের মোট বরাদ্দ | ২০১৬-২০১৭ অর্থ বছরের প্রাক্কলিত ব্যয় | ২০১৬-২০১৭ অর্থ বছরের উদ্বৃত্ত |
|---|---|---|---|---|
| | **রাজস্ব ব্যয়** | | | |
| ৪৫০০ | অফিসারদের বেতন | ৩০০০.০০ | ২৫৩৬.০০ | ৪৬৪.০০ |
| ৪৬০১ | কর্মচারীদের বেতন | ৩৪০.০০ | ৩৩৫.০০ | ৫.০০ |
| | ভাতাদি | | | |
| ৪৭০১ | মহার্ঘ ভাতা | ০০.০০ | ০০.০০ | ০০.০০ |
| ৪৭০৫ | বাড়িভাড়া ভাতা | ১৭০০.০০ | ১৪৭৩.০০ | ২২৭.০০ |
| ৪৭০৯ | শ্রান্তি বিনোদন ভাতা | ১০০.০০ | ৬৯.০০ | ৩১.০০ |
| ৪৭১৩ | উৎসব ভাতা | ৬৫০.০০ | ৫২৭.০০ | ১২৩.০০ |
| ৪৭১৪ | বাংলা নববর্ষ ভাতা | ৬৫.০০ | ৫১.০০ | ১৪.০০ |
| ৪৭১৭ | চিকিৎসা ভাতা | ১৫০.০০ | ১২৮.০০ | ২২.০০ |
| ৪৭৩৩ | আপ্যায়ন ভাতা | ১০.০০ | ১.০০ | ৯.০০ |
| ৪৭৫৫ | টিফিন ভাতা | ১০.০০ | ৯.০০ | ১.০০ |
| ৪৭৬৫ | যাতায়াত ভাতা | ১০.০০ | ১০.০০ | ০০.০০ |
| ৪৭৭৩ | শিক্ষা ভাতা | ৫০.০০ | ৩৩.০০ | ১৭.০০ |
| ৪৭৯৩ | টেলিফোন ভাতা | ৫.০০ | ০০.০০ | ৫.০০ |
| ৪৭৯৫ | অন্যান্য ভাতা | ১০০ | ৮.০০ | ৯২.০০ |
| | **মোট ভাতাদি** | **২৮৫০.০০** | **২৩০৯.০০** | **৫৪১.০০** |
| | **সরবরাহ ও সেবা** | | | |
| ৪৮০১ | ভ্রমণ ব্যয় | ৩০০.০০ | ২৫৪.০০ | ৪৬.০০ |
| ৪৮০৬ | ভাড়া অফিস | ২৪০০.০০ | ২৩৯৪.০০ | ৬.০০ |
| ৪৮১৫ | ডাক | ২০.০০ | ১৯.০০ | ১.০০ |
| ৪৮১৬ | টেলিফোন | ২০০.০০ | ১৫৭.০০ | ৪৩.০০ |
| ৪৮১৯ | পানি | ৬০.০০ | ৫৯.০০ | ১.০০ |
| ৪৮২১ | বিদ্যুৎ | ১৫০.০০ | ৭৬.০০ | ৭৪.০০ |
| ৪৮২৩ | পেট্রোল ও লুব্রিকেন্ট | ৪৫০.০০ | ৩৯০.০০ | ৬০.০০ |
| ৪৮২৮ | ষ্টেশনারী, সীল ও স্ট্যাম্প | ২০০.০০ | ১৯৯.০০ | ১.০০ |
| ৪৮৩১ | বইপত্র ও সাময়িকী | ৫০.০০ | ৫০.০০ | ০০.০০ |
| ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপণ | ১৫০.০০ | ১২৮.০০ | ২২.০০ |
| ৪৮৪০ | প্রশিক্ষণ ব্যয় | ১৫০.০০ | ৮৯.০০ | ৬১.০০ |
| ৪৮৪২ | সেমিনার কনফারেন্স | ৭০০.০০ | ৬৭৪.০০ | ২৬.০০ |
| ৪৮৭৭ | প্রাধিকারভূক্ত কর্মকর্তাদের গাড়ী রক্ষণাবেক্ষণ ব্যয় | ৫৩০.০০ | ৪৪৩.০০ | ৮৭.০০ |
| ৪৮৮১ | নিরাপত্তা প্রহরী | ২৮০০.০০ | ২৪৭০.০০ | ৩৩০.০০ |
| ৪৮৮৩ | সম্মানী ভাতা | ৬০.০০ | ৫১.০০ | ৯.০০ |
| ৪৮৯৯ | অন্যান্য ব্যয় | ৭৬০.০০ | ৭৪৯.০০ | ১১.০০ |
| | মোট সরবরাহ ও সেবা | **৮৯৮০.০০** | **৮২০২.০০** | **৭৭৮.০০** |
| | মেরামত ও সংরক্ষণ | | | |
| ৪৯০১ | মোটর যানবাহন | ৩৫০.০০ | ৩২১.০০ | ২৯.০০ |
| ৪৯০৬ | আসবাবপত্র | ৭৫.০০ | ৭৫.০০ | ০০.০০ |
| ৪৯১১ | কম্পিউটার ও সরঞ্জাম | ৩০০.০০ | ২৯৯.০০ | ১.০০ |
| | মোট মেরামত ও সংরক্ষণ | **৭২৫.০০** | **৬৯৫.০০** | **৩০.০০** |
| | সম্পদ সংগ্রহ/ক্রয় | | | |
| ৬৮০৭ | **মোটর যান** | ৪২০০.০০ | ০০.০০ | ৪২০০.০০ |
| ৬৮১৫ | **কম্পিউটার ও যন্ত্রাংশ** | ৪০০.০০ | ৪০০.০০ | ০০.০০ |
| ৬৮১৯ | অফিস সরঞ্জাম | ৩০০.০০ | ২৯৬.০০ | ৪.০০ |
| ৬৮২১ | আসবাব পত্র | ১৫০.০০ | ১৪৩.০০ | ৭.০০ |
| | **মোট মূলধন ব্যয়ঃ** | **৫০৫০.০০** | **৮৩৯.০০** | **৪২১১.০০** |
| | **সর্বমোট ব্যয়ঃ** | **২০৯,৪৫.০০** | **১৪৯,১৬.০০** | **৬০,২৯.০০** |

# তৃতীয় খন্ড

# হাইড্রোকার্বন ইউনিটের সম্পাদিত কার্যক্রম

- ২০১৬-১৭ অর্থ বছরের সম্পাদিত কার্যক্রমসমূহ
- বিবিধ প্রতিবেদনসমূহ
- ই-ফাইলিং নথি প্রশিক্ষণে হাইড্রোকার্বন ইউনিট কারিগরী সহায়তা প্রদান
- ২০১৬-২০১৭ অর্থ বছরে নিম্নলিখিত বিষয়ের উপর হাইড্রোকার্বন ইউনিট তথ্য ও মতামত প্রদান করেছে

## হাইড্রোকার্বন ইউনিটের সম্পাদিত কার্যক্রমঃ

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কারিগরি সহায়ক শক্তি হিসেবে হাইড্রোকার্বন ইউনিট চাহিদানুযায়ী বিভিন্ন নীতিমালা, MoU, গ্যাস চাহিদা, গ্যাস ক্ষেত্র উন্নয়ন, গ্যাস সেক্টরের ভবিষ্যত পরিকল্পনা, পিএসসি'র জেআরসি/জেএমসি'র সভায় পর্যবেক্ষক হিসেবে অংশগ্রহণ ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ক নীতিমালা প্রণয়নে সক্রিয় অংশগ্রহণ ও মতামত প্রদান করে আসছে। Mini Data Bank-এ গ্যাস মজুদ, অনাবিষ্কৃত গ্যাস সম্পদ, গ্যাস উৎপাদন সংক্রান্ত ডাটা সংরক্ষণের পাশাপাশি ডাটাবেজ থেকে "Gas Reserve and Production" শীর্ষক মাসিক প্রতিবেদন প্রকাশ হচ্ছে।এছাড়াও মাসিক গ্যাস উৎপাদন এবং খাতওয়ারী মাসিক ব্যবহারের উপাত্তের উপর ভিত্তি করে "Annual Gas Production and Consumption" শীর্ষক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করা হচ্ছে।

### ২০১৬-১৭ অর্থ বছরের সম্পাদিত কার্যক্রমসমূহঃ

- Monthly Report on Gas Reserve and Production: ১২টি।
- Annual Report on Gas Production & Consumption: ০১টি।
- Glossary of Terms Generally used in Petroleum & Mineral Resources Industry: ০১টি।
- Report on Energy Scenario of Bangladesh: ০১টি।
- Workshop/Seminar : ০৮টি।

### হাইড্রোকার্বন ইউনিটে ২০১৬-২০১৭ অর্থ বছরে নিম্নলিখিত ওয়াকর্শপ/সেমিনার অনুষ্ঠিত হয়ঃ

| ক্রমিক নং | ওয়াকর্শপ/সেমিনার এর নাম | অনুষ্ঠিত হওয়ার তারিখ |
|---|---|---|
| ১. | Development of a Gas Production Database for Gas fields in Bangladesh | ০৯/০১/২০১৭ |
| ২. | SCADA Control System in Gas Transmission | ১৪/০২/২০১৭ |
| ৩. | Storage and Transportation Infrastructure Capacity of BPC; Present: Future | ২৭/০৩/২০১৭ |
| ৪. | Prepare for Action Plan of 'Sustainable Development Goals (SDGs) | ২০/০৪/২০১৭ |
| ৫. | Revolutionary Changes in Energy Use focusing LPG | ২৩/০৫/২০১৭ |
| ৬. | Heavy Mineral: Prospects in Bangladesh | ০৮/০৬/২০১৭ |
| ৭. | Energy Efficiency and Conservation in Bangladesh | ১২/০৬/২০১৭ |
| ৮. | Gas Exploration in Bangladesh: Past, Present & Future | ১৮/০৬/২০১৭ |

Development of a Gas Production Database for Gas Fields in Bangladesh শীর্ষক ওয়ার্কশপ/সেমিনারটি গত **০৯/০১/২০১৭** তারিখ হাইড্রোকার্বন ইউনিটের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপ/সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব গোলাম ফখরুদ্দিন আহমেদ চৌধুরী, অতিরিক্ত সচিব, ব্লু ইকোনোমিক সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। উক্ত ওয়ার্কশপ/সেমিনারে সভাপতিত্ব করেন জনাব মোঃ হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং key-note উপস্থাপন করেন জনাব মোঃ রুহুল আমিন ফয়সাল, বুয়েট।

ওয়ার্কশপ/সেমিনারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, পিজিসিএল, বাপেক্স, জিএসবি, ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।




হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত নিয়মিত সেমিনারের একাংশ



SCADA Control System in Gas Transmission শীর্ষক সেমিনার/ওয়ার্কশপটি গত **১৪/০২/২০১৭** তারিখ হাইড্রোকার্বন ইউনিটের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপ/সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আবুল মনসুর মোঃ ফয়েজউল্লাহ, এনডিসি, চেয়ারম্যান, পেট্রোবাংলা। উক্ত ওয়ার্কশপ/সেমিনারে সভাপতিত্ব করেন জনাব মোঃ হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং key-note উপস্থাপন করেন জনাব মোঃ শরিফুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।

ওয়ার্কশপ/সেমিনারে সম্মানিত অতিথিবৃন্দ হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, অধ্যাপক ড.বদরুল ইমাম, ঢাকা বিশ্ববিদ্যালয়, অধ্যাপক ড. সেলিয়া শাহনাজ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।

এছাড়াও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বাপেক্স, জিটিসিএল, বিপিআই, বিইআরসি, জিএসবি, বিএমডি, ব্লু ইকোনমিক সেল, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, পাওয়ার সেল এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।






**Storage and transportation infrastructure capacity of BPC; Present: Future** শীর্ষক সেমিনার/ওয়ার্কশপটি গত **২৭/০৩/ ২০১৭** তারিখ হাইড্রোকার্বন ইউনিটের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপ/সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম, চেয়ারম্যান, বিপিসি। উক্ত ওয়ার্কশপ/সেমিনারে সভাপতিত্ব করেন জনাব মোঃ হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং key-note উপস্থাপন করেন জনাব মোঃ মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড।

ওয়ার্কশপ/সেমিনারে সম্মানিত অতিথিবৃন্দ হিসেবে উপস্থিত ছিলেন গোলাম শফিউদ্দিন, অতিরিক্ত সচিব, ব্লু ইকোনমিক সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, মোঃ মহসীন আলী খন্দকার, যুগ্ম প্রধান, তেল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ উইং, পরিকল্পনা কমিশন, জনাব মোঃ মনজুর মোরশেদ, পরিচালক, স্রেডা।

এছাড়াও ওয়ার্কশপ/সেমিনারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিপিসি, ব্লু ইকোনমিক সেল, জিএসবি, বিএমডি, বিপিআই, স্রেডা, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, জালালাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, ইষ্টার্ণ রিফাইনারী লিমিটেড, জিটিসিএল, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড, সিলেট গ্যাস ফিল্ড কোম্পানী লিমিটেড, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।




হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত নিয়মিত সেমিনারের একাংশ



Revolutionary Changes in Energy Use focusing LPG শীর্ষক সেমিনার/ওয়ার্কশপটি গত **২৩/০৫/২০১৭ তারিখ** হাইড্রোকার্বন ইউনিটের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপ/সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। উক্ত ওয়ার্কশপ/সেমিনারে kye-note উপস্থাপন করেন প্রকৌঃ মোঃ কামরুজ্জামান, ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল এবং ড.শরিফ আশরাফুজ্জামান, ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড।

ওয়ার্কশপ/সেমিনারে সম্মানিত অতিথিবৃন্দ হিসেবে উপস্থিত ছিলেন ড. মোহাঃ নিহাল উদ্দিন, প্রাক্তণ মহাপরিচালক, জিএসবি, ড. বদরুল ইমাম, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়, জনাব মোঃ বেলায়েত হোসেইন, ব্যবস্থাপনা পরিচালক, যমুনা গ্যাস লিমিটেড, জনাব হাবিব উদ্দিন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড।

এছাড়াও বিদ্যুৎ বিভাগ, পেট্রোবাংলা, এনার্জি রেগুলেটরী কমিশন, ব্লু ইকোনমি সেল, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, পাওয়ার সেল, জিএসবি, বিএমডি, বিস্ফোরক পরিদপ্তর, প্লানিং কমিশন, বাপেক্স, স্রেডা, তিতাস গ্যাস, ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট, এজিবি, যমুনা গ্যাস লিমিটেড, বেক্সিমকো পেট্রোলিয়াম লিমিটেড, এলপি গ্যাস লিমিটেড, ওরিয়ন গ্যাস লিমিটেড, বসুন্ধরা এলপি গ্যাস, কর্ণফুলি গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড, লাফস গ্যাস কোম্পানী লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, বাংলাদেশ গ্যাস ফিল্ড কোম্পানী লিমিটেড, মধ্যপাড়া গ্রানাইট কোম্পানী লিমিডেট, ওমেরা পেট্রোলিয়াম লিমিটেড এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

Heavy Minerals: Prospects in Bangladesh শীর্ষক সেমিনার/ওয়ার্কশপটি **০৮/০৬/২০১৭** তারিখ হাইড্রোকার্বন ইউনিটের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত ওয়ার্কশপ/সেমিনারে প্রধান অতিথি হিসেবে ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। উক্ত ওয়ার্কশপ/সেমিনারে সভাপতিত্ব করেন জনাব মোঃ হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং kye-note উপস্থাপন করেন ডঃ ইউনুস আকন, প্রাক্তণ চিফ জিওলোজিষ্ট ও পরিচালক, বাংলাদেশ এটোমিক এনার্জি কমিশন (বিএইসি) ।

ওয়ার্কশপ/সেমিনারে সম্মানিত অতিথিবৃন্দ হিসেবে উপস্থিত ছিলেন ড. বদরুল ইমাম, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়, জনাব মোঃ মঞ্জুর মোর্শেদ, পরিচালক (এনার্জি অডিট), স্রেডা, প্রকৌঃ আনোয়ার হোসেন খান, প্রাক্তণ মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

এছাড়াও পেট্রোবাংলা, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, জিএসবি, বিপিআই, স্রেডা, বিইআরসি, ঢাকা বিশ্ববিদ্যালয়, এমআইএসটি, কর্ণফুলি গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাংলাদেশ গ্যাস ফিল্ড কোম্পানী লিমিটেড, সিলেট গ্যাস ফিল্ড কোম্পানী লিমিটেড, মধ্যপাড়া গ্রানাইট কোম্পানী লিমিডেট, রুপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, কার্বন মাইনিং বাংলাদেশ লিমিটেড, প্রিমিয়ার মিনারেলস লিমিটেড এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।




হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত নিয়মিত সেমিনারের একাংশ

Energy Efficiency and Conservation in Bangladesh শীর্ষক সেমিনার/ওয়ার্কশপটি **১২/০৬/২০১৭** তারিখ হাইড্রোকার্বন ইউনিটের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপ/সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ হেলাল উদ্দিন, অতিরিক্ত সচিব, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)। উক্ত ওয়ার্কশপ/সেমিনারে kye-note উপস্থাপন করেন জনাব সিদ্দিক জোবায়ের, সদস্য (জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ), স্রেডা এবং সভাপতিত্ব করেন মোঃ হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।




ওয়ার্কশপ/সেমিনারে সম্মানিত অতিথিবৃন্দ হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মহসীন আলী খন্দকার, যুগ্ম প্রধান, তেল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ উইং, পরিকল্পনা কমিশন, ডঃ ইউনুস আকন, প্রাক্তণ চিফ জিওলোজিষ্ট ও পরিচালক, বাংলাদেশ এটোমিক এনার্জি কমিশন (বিএইসি), জনাব মোঃ মনজুর মোর্শেদ, পরিচালক (জ্বালানি নিরিক্ষা), স্রেডা, প্রকৌঃ আনোয়ার হোসেন খান, প্রাক্তণ মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

এছাড়াও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিপিসি, বাংলাদেশ এটোমিক এনার্জি কমিশন (বিএইসি), বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, পাওয়ার সেল, বিইআরসি, ব্লু ইকোনমিক সেল, স্রেডা, জিএসবি, বিপিআই, ঢাকা বিশ্ববিদ্যালয়, এমআইএসটি, জিটিসিএল, বাংলাদেশ গ্যাস ফিল্ড কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, রুপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড, এজিবি এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।



হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত নিয়মিত সেমিনারের একাংশ

**Gas Exploration in Bangladesh: Past, Present & Future** শীর্ষক ওয়ার্কশপ/সেমিনারটি গত **১৮/০৬/ ২০১৭** তারিখ হাইড্রোকার্বন ইউনিটের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপ/সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পারভীন আকতার, অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ উক্ত ওয়ার্কশপ/সেমিনারে সভাপতিত্ব করেন জনাব মোঃ হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং key-note উপস্থাপন করেন জনাব মোঃ মইনুল হোসেন, উপ-মহাব্যবস্থাপক, ভূ-পদার্থিক বিভাগ, বাপেক্স।

ওয়ার্কশপ/সেমিনারে সম্মানিত অতিথিবৃন্দ হিসেবে উপস্থিত ছিলেন ড. মোহাঃ নিহাল উদ্দিন, প্রাক্তণ মহাপরিচালক, জিএসবি, মোঃ মহসীন আলী খন্দকার, যুগ্ম প্রধান, তেল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ উইং, পরিকল্পনা কমিশন, ড. বদরুল ইমাম, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রকৌঃ আনোয়ার হোসেন খান, প্রাক্তণ মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

এছাড়াও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, পরিকল্পনা কমিশন, বাপেক্স, জিএসবি, ব্লু ইকোনমিক সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ব্রাক বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ গ্যাস ফিল্ড কোম্পানী লিমিটেড, মধ্যপাড়া গ্রানাইট কোম্পানী লিমিডেট এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।



হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত নিয়মিত সেমিনারের একাংশ

- বিবিধ প্রতিবেদনসমূহ

১. বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৬ এর ইংরেজী সংস্করণে অন্তর্ভূক্তির জন্য ২০১৫-১৬ অর্থবছরে তথ্যাদি হাল-নাগাদ পূর্বক প্রতিবেদন প্রেরণ।

২. বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৭ প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় তথ্যাদি/পরিসংখ্যানসহ প্রতিবেদন প্রেরণ ।

৩. আইসিটি Action Items বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কীত প্রতিবেদন।

৪. হাইড্রোকার্বন ইউনিটের বাস্তবায়ন অগ্রগতির মাসিক প্রতিবেদন, ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক প্রতিবেদন প্রেরণ।

৫. মন্ত্রণালয় ভিত্তিক রাজস্ব ও উন্নয়ন খাতে কর্মসংস্থানের ত্রৈমাসিক এবং অর্ধবার্ষিক প্রতিবেদন প্রেরণ ।

৬. অনিষ্পন্ন পেনশন কেস সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ।

৭. রাজস্ব খাতভূক্ত নন-ক্যাডার ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্যপদের মধ্যে সরাসরি নিয়োগযোগ্য ১০% সংরক্ষিত শূন্য পদের মাসিক প্রতিবেদন প্রেরণ।

৮. মহিলা কোটা সংরক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক এবং অর্ধবার্ষিক প্রতিবেদন প্রেরণ।

৯. সরকারী চাকুরীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের চাকুরীর কোটা, মুক্তিযোদ্ধাদের ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যার অনুকূলে বলবৎ করা সম্পর্কীত ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ।

১০. বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত প্রতিবেদন মাসিক প্রতিবেদন প্রেরণ ।

১১. সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ

১২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়নের মাসিক প্রতিবেদন, ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক ও বার্ষিক প্রতিবেদন প্রেরণ।

১৩. জাতীয় সংসদে ২০১৬ সালের প্রথম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদেয় ভাষণে অন্তর্ভূক্তির জন্য তথ্যাদি প্রেরণ।

১৪. ২০১৫-১৬ অর্থবছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভূক্তির জন্য তথ্য প্রেরণ।

১৫. PSC এর Joint Management committee(JMC)/Joint Review Committee (JRC) সভার পর্যবেক্ষণ প্রতিবেদন দাখিল।

১৬. জাতীয় সংসদে প্রশ্নোত্তর প্রেরণ।

## ই-ফাইলিং নথি প্রশিক্ষণে হাইড্রোকার্বন ইউনিট কারিগরী সহায়তা প্রদানঃ

ই-ফাইলিং নথি প্রশিক্ষণে হাইড্রোকার্বন ইউনিট নিম্নোক্ত বিভাগ/সংস্থাসমূহকে কারিগরী সহায়তা প্রদান করেঃ

| ক্রঃ নং | বিষয় | সংস্থা/বিভাগের নাম | কোর্সের মেয়াদ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ই-ফাইলিং নথি | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | ১০ দিন | ৬৫ জন | ই-ফাইলিং নথি প্রশিক্ষণে ১৫টি কম্পিউটার ও ইন্টারনেট সুবিধাসহ কারিগরী সহায়তা প্রদান করা হয়। |
| ২. | | বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ | ০৮ দিন | ৪০ জন | |
| ৩. | | পেট্রোবাংলা | ২০ দিন | ১৫০ জন | |

### ২০১৬-২০১৭ অর্থ বছরে নিম্নলিখিত বিষয়ের উপর হাইড্রোকার্বন ইউনিট তথ্য ও মতামত প্রদান করেছেঃ

| ক্রমিক নং | বিষয় |
|---|---|
| ১. | International Solar Alliance (ISA) এর Framework Agreement-এর উপর মতামত প্রদান। |
| ২. | Update of Gas Sector Master Plan (GSMP) -এর উপর মতামত প্রদান। |
| ৩. | Draft Framework Agreement between Government of the Pepole's Republic of Bangladesh and Government of the Republic of India on Cooperation in the Hydrocarbon Sector -এর উপর মতামত প্রদান। |
| ৪. | Revised draft Momorandum of Understanding (MoU) between Bangladesh Standards Testing Instifution (BSTI) and Turkish Standards Institution (TSE)-এর উপর মতামত প্রদান। |
| ৫. | বাংলাদেশ-অষ্ট্রিলিয়ার মধ্যে অনুষ্ঠিতব্য 2nd Working Group Meeting -এর উপর মতামত প্রদান। |
| ৬. | বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে অনুষ্ঠিতব্য Bilateral Consultation-এর উপর মতামত প্রদান। |
| ৭. | বাংলাদেশ র্কতক অনুসমর্থিত আইএলও কনভেনশন-৯৮ বাস্তবায়নের উপর আইএলও প্রদত্ত Observation -এর উপর মতামত প্রদান। |
| | চীনা সরকারী অর্থায়নে (Chinese Government Concesional Loan and Preferential Buyer's Credit) -এর উপর মতামত প্রদান। |
| ৮. | Progress in Implementing the outcomes of the sixth Ministerial Conference on Environment and Development in Asia and the Pacific-এর উপর মতামত প্রদান। |
| ৯. | Inter-Ministerial Meeting on the Proposed visit of Hon'ble foreign Minister to the State of Qatar-এর উপর মতামত প্রদান। |
| ১০. | 'ডিজিটাল বাংলাদেশের পথে অগ্রযাত্রা' এর প্রতিবেদনে তথ্য প্রদান। |
| ১১. | 'ডিজিটাল বাংলাদেশ' বাস্তবায়নে গৃহীত কার্যক্রমের উপর তথ্য প্রদান। |
| ১২. | ২০০৯-২০১৬ পর্যন্ত সরকারের উল্লেখযোগ্য অর্জনের তথ্য প্রদান। |
| ১৩. | গ্যাস হাইড্রেট (Gas Hydrate) বিষয়ক সমীক্ষা কার্যক্রমের উপর মতামত প্রদান। |

| | |
|---|---|
| ১৪. | "Strengthinting National Decision Making towards Ratification of the Minamata Convention and Build Capacity towards Implementation of Future Provisions if the People's Republic of Bangladesh" শীর্ষক প্রকল্পের Letter of Agreement (LoA) স্বাক্ষর সংক্রান্ত এর উপর মতামত প্রদান। |
| ১৫. | LNG-Re-gasification করে উৎপাদিত গ্যাসের মূল্য এবং দেশীয় গ্যাসের সাথে মিশ্রণ করে মিশ্রিত গ্যাসের মূল্য নির্ধারণ পদ্ধতি-এর উপর মতামত প্রদান। |
| ১৬. | Inviting Feedback on final Draft of Country Investment Plan (CIP) for Environment, Forestry and Climate Change (EFCC)-এর উপর মতামত প্রদান। |
| ১৭. | The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979-এর উপর মতামত প্রদান। |
| ১৮. | বাংলাদেশ ও ভারত সরকারের মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক পুঁজি-বিনিয়োগ, উন্নয়ন ও সংরক্ষণ চুক্তি-এর উপর মতামত প্রদান। |
| ১৯. | তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির লক্ষ্যে হাইড্রোকার্বন ইউনিটের তথ্য প্রদান। |
| ২০. | খসড়া জাতীয় সংরক্ষণ কৌশলপত্রের সংশ্লিষ্ট অংশের উপর মতামত প্রদান। |
| ২১. | খাগড়াছড়ি জেলার রামগড় উপজেলার পাতছাড়ি পাহাড়ি এলাকা হতে উৎপত্তি হয়ে চট্টগ্রাম মহানগরের চান্দগাঁও থানার কালুরঘাট এলকায় কর্ণফুলী নদীর সংযোগস্থল পর্যন্ত প্রবহমান ১০৭ কিলোমিটার হালদা নদী ও নদীর উভয় পাড় হতে ৫০০ মিটার প্রস্থের এলাকার মৌজাসমূহকে অন্তর্ভুক্ত করে পরিবেশগত সংকটাপন্ন এলাকা (ইসিএ) ঘোষণা এবং হালদা নদী পরিবেশগত সংকটাপন্ন এলাকার পরিবেশ ব্যবস্থাপনা নির্দেশিকার উপর মতামত প্রদান। |
| ২২. | National Oil Spill and Chemical Contingency Plan এর উপর মতামত প্রদান। |
| ২৩. | দশম জাতীয় সংসদের ২০১৭ সালের প্রথম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদেয় ভাষণে অন্তর্ভুক্তির জন্য তথ্যাদি প্রেরণ। |
| ২৪. | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং রাশিয়া ফেডারেমনের জ্বালানি মন্ত্রণালয়ের মধ্যে MoU স্বাক্ষরিত এর উপর মতামত প্রদান। |
| ২৫. | Study on Energy Security এর Draft final এর উপর মতামত প্রদান। |
| ২৬. | তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) আমদানি ও স্টোরেজ/টার্মিনাল/প্ল্যান্ট নির্মাণ এবং ডিলার/ডিস্ট্রিবিউটর বা ফ্রানচাইজি (Franchisee) নিয়োগের মাধ্যমে বিতরণ ও বিপনণ করার নীতিমালা, ২০১৬ এর খসড়ার উপর মতামত প্রদান। |
| ২৭. | পেট্রোক্যামিকেল কারখানা স্থাপন এবং পরিচালনা সংক্রান্ত নীতিমালা, ২০১৬ এর খসড়ার উপর মতামত প্রদান। |
| ২৮. | বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনষ্টিটিউট (বিপিএমআই) গঠনের লক্ষ্যে খসড়া "মেমোরেন্ডাম অব এ্যাসোসিয়েশন" এবং "রুলস অ্যান্ড রেগুলেশন" এর উপর মতামত প্রদান। |
| ২৯. | জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG)-এর লক্ষ্যমাত্রা পরিমাপে প্রস্তাবিত সূচকসমূহ বাংলাদেশ প্রেক্ষাপটে চিহ্নিতকরণের লক্ষ্যে অনুষ্ঠিত "Indentification of Data Gaps inBangladesh in the Context of UN Proopsed Indicators for Monitoring SDGs Targets" শীর্ষক কর্মশালার চূড়ান্ত প্রতিবেদনের উপর মতামত। |
| ৩০. | খসড়া "Energy Efficiency and Conservation Master Plan Upto 2030"-এর উপর মতামত প্রদান। |
| ৩১. | বেসরকারি পর্যায়ে এলএনজি আমদানির খসড়া নীতিমালা-২০১৬ এর উপর মতামত প্রদান। |

# চতুর্থ খন্ড

# হাইড্রোকার্বন ইউনিটের অর্জন

- বিদেশী পরামর্শক প্রতিষ্ঠান ও দেশীয় জ্বালানী বিশেষজ্ঞের সমন্বয়ে জ্বালানী সেক্টরের উপর হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক জানুয়ারি ২০০৯ হতে জুন ২০১৬ পর্যন্ত মোট ১১৩ টি বিশ্লেষণধর্মী কারিগরি প্রতিবেদন প্রস্তুত করা
- পেট্রোবাংলা ও বিপিসি'র ব্যবহারের জন্য ৩টি সফটওয়ার ডেভেলপ করে পেট্রোবাংলা ও বিপিসি কে হস্তান্তর করা
- অন্যান্য গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ড
- উপসংহার

## হাইড্রোকার্বন ইউনিটের অর্জনঃ

**বিদেশী পরামর্শক প্রতিষ্ঠান ও দেশীয় জ্বালানী বিশেষজ্ঞের সমন্বয়ে জ্বালানী সেক্টরের উপর হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক_জানুয়ারি ২০০৯ হতে জুন ২০১৭ পর্যন্ত মোট ১২৮ টি বিশ্লেষণধর্মী কারিগরি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছেঃ**

**Oil and Gas:**

- Annual Gas Production & consumption 2009-2010,2010-2011,2011-2012,2012-2013,2013-2014,2014-2015 and 2015-2016 (Total 07).
- Monthly Gas Reserve & Production January 2009-August 2017 (Total 104)
- Review of Techno-Economic Feasibility Study of Khalashpir Coal Mine
- Feasibility Study for Setting Up a Straddle Plant for NGL Extraction and Fractionation at Ashuganj
- Updated Report on Bangladesh Gas Reserve Estimation 2010
- Future Scenarios for the Bangladesh Petroleum Sector Development
- Final updated Report on Bangladesh Petroleum Potential and Resource Assessment 2010
- Monitoring and Supervision Procedures for Exploration & Development Activities
- Technical Auditing Procedures for Exploration & Development Activities
- Preliminary Study on Shale Gas Potentiality in Bangladesh.
- Report on Energy Economics
- Report on Energy Scenario of Bangladesh

**Petroleum Refining and Marketing**:

- Review and Assessment Report on Refinery, Marketing, HSE and Policy & Regulations.
- Recommendation Report on Refinery, Marketing, HSE and Policy & Regulations.

**Mining:**

- Coal Sector Development Strategy.
- Review of the existing Mining Act, Rules and Regulations and Recommendations.
- Review of the existing Mining operations of the Barapukuria Coal Mine and Recommendation on improvements.
- Action Plan and Guidelines for development of CBM, UCG and Hard Rock Projects.
- Mineral Resources Assessment.

**পেট্রোবাংলা ও বিপিসি'র ব্যবহারের জন্য নিম্নোক্ত ৩টি সফটওয়ার ডেভেলপ করে পেট্রোবাংলা ও বিপিসি কে হস্তান্তর করা হয়েছেঃ**

- Petroleum System Modeling (PetroMod) Software টির মাধ্যমে Sedimentary Basin এর Petroleum System Modeling তৈরী করে Hydrocarbon Reservoir সম্পর্কিত বিবিধ ভূ-তাত্ত্বিক ধারণা পাওয়া যাবে।
- Cost Database Software Develop করে Demonstration করা হয়েছে। এই Software এর মাধ্যমে দেশের গ্যাস ক্ষেত্রসমূহে দেশী ও বিদেশী কোম্পানী কর্তৃক অনুসন্ধান কার্যক্রম হতে শুরু করে উৎপাদন বন্ধ হয়ে যাওয়া পর্যন্ত সকল পর্যায়ের যাবতীয় হিসাব-নিকাশ পাওয়া যাবে।
- PDMS (Petroleum Database Management System) Software Develop করে Demonstration করা হয়েছে। উক্ত SOFTWARE এর  মাধ্যমে পেট্রোলিয়াম পন্য আমদানি, সরবরাহ, মজুদ ও বিপণন সম্বলিত প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সংরক্ষণ করা যাবে।

## অন্যান্য গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ডঃ

১. জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক চাহিত জাতীয় ও আন্তর্জাতিক স্বার্থ সংশিস্নষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রতিবেদন ও মতামত প্রস্ত্ততপূর্বক প্রেরণ।

২. হাইড্রোকার্বন ইউনিট শক্তিশালীকরণ এবং প্রাকৃতিক গ্যাস সম্পদের সুষ্ঠ ব্যবস্থাপনা সংক্রান্ত "Capacity Building of Human Resources and Petroleum Resources management শীর্ষক প্রকল্পের TAPP জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে

## উপসংহারঃ

হাইড্রোকার্বন ইউনিটের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৩ প্রণয়ন করা হয়েছে। নিয়োগ বিধিমালার অধীনে রাজস্ব খাতের জনবলের নিয়োগ প্রক্রিয়াধীন। বর্তমানে সীমিত জনবল দিয়ে হাইড্রোকার্বন ইউনিটের সার্বিক কর্মকান্ড চলমান রয়েছে। সমসাময়িক বিভিন্ন বিষয়ের উপর নিয়মিত সেমিনার/ওয়ার্কশপ এর আয়োজন করা হচ্ছে।

নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে এবং এ সমস্ত জনবলকে প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে কারিগরি জ্ঞানে সমৃদ্ধ করতে পারলে অদূর ভবিষ্যতে হাইড্রোকার্বন ইউনিট দেশের জ্বালানি ও খনিজ সম্পদ খাতের উন্নয়নে প্রভূত অবদান রাখতে পারবে বলে আশা করা যায়।